উপজেলা পরিষদ
জামালগঞ্জ, সুনামগঞ্জ।

উপজেলা পরিষদের অক্টোবর, ২০২১ মাসের মাসিক সভা এর কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ ইকবাল আল আজাদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
তারিখ : ২৬/১০/২০২১খ্রিষ্টাব্দ, সময় বেলা- ১২.০০ ঘটিকা।

উপস্থিত/অনুপস্থিত সদস্য এবং উপজেলার সকল বিভাগের প্রধানের তালিকা পরিশিষ্ট "ক" তে উল্লেখ করা হলো।

সভাপতি উপস্থিত সকলকে সভায় স্বাগত জানান এবং সভার পরবর্তী কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার সভাপতির অনুমতিক্রমে সভার কাজ শুরু করেন। মাননীয় সংসদ সদস্য ও উপজেলা পরিষদের সম্মানিত উপদেষ্টা ইঞ্জিনিয়ার মোয়াজ্জেম হোসেন রতন মহোদয় সভায় সময় উপস্থিত হওয়ায় কৃতজ্ঞতা ও অভিনন্দন জ্ঞাপন করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী আনয়নের প্রয়োজন হলে উপস্থাপনের অনুরোধ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | গত সভার কার্যবিবরণী | দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান, জামালগঞ্জ |
| ০২. | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা | অগ্রগতি সন্তোষজনক | উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ |
| ০৩. | উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা/সিদ্ধান্ত গ্রহণ: উপজেলা নির্বাহী অফিসার উপজেলা স্থায়ী কমিটির কার্যবিবরণী সুপারিশকৃত প্রকল্পসমূহ সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি'র দৃষ্টি আকর্ষণ করেন।<br>আলোচনায় উপজেলা প্রকৌশলী, এলজিইডি বলেন যে, উপজেলা স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীতে সুপারিশকৃত প্রকল্পসমূহ উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটির সভায় উপস্থাপন করা হয়। উপজেলা স্থায়ী কমিটি ও উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটি প্রস্তাবিত প্রকল্পসমূহ একই হওয়ায় উপজেলা প্রকৌশল বিভাগের মতামত গ্রহণপূর্বক সিদ্ধান্ত গ্রহণের প্রস্তাব করেন। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি'র প্রস্তাব মোতাবেক উপজেলা স্থায়ী কমিটি ও উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটি সুপারিশকৃত প্রকল্পসমূহ উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটিতে অনুমোদন করায় উপজেলা প্রকৌশল বিভাগে আলোচনায় একমত প্রকাশ করেন। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), জামালগঞ্জ। |
| ০৪. | সরকারী বিধি আলোচনা ও পর্যালোচনা ঃ | সরকারি বিধি নিয়ে সভা কোন আলোচনা হয়নি | উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ |
| ০৫. | মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর আলোচনা ঃ | মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশ না থাকায় এবিষয়ে কোন আলোচনা করা হয়নি। | |
| ০৬. | পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা:<br>উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ মোতাবেক অক্টোবর ২০২১ মাসে ৫,৩২,১৯৪/৮৭ টাকা আয় এবং ৩,১৪,৯৭৮/- টাকা ব্যয় করা হয়েছে। বিগত মাসে উপজেলা পরিষদের ব্যবহারের জন্য একটি সুইভেল ও একটি কম্পিউটার চেয়ার ক্রয় বাবদ ১৯,৯২৩/- টাকা এবং উপজেলা পরিষদে ব্যবহৃত ফটোকপি মেশিনের টোনার ও কম্পিউটার প্রিন্টারের টোনার ক্রয় বাবদ ৭৫০০/-টাকা ব্যয় করা হয়। হাসপাতালের কোয়াটার মেরামত বাবদ ২৩,৫৮২/- উপজেলা পরিষদের আশপাশ ও ভবনের ছাঁদ পরিষ্কার কাজের মজুরি বাবদ ৮৫০০/-টাকা ব্যয় করা হয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ মোতাবেক ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের অনুমোদনের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিল পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উত্থাপিত বিলসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং উত্থাপিত বিলসমূহের দাবিকৃত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার জামালগঞ্জ। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| বিবিধ ৭. | (ক) মাননীয় সংসদ সদস্য সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বলেন জামালগঞ্জ উপজেলায় ৪টি নতুন প্রতিষ্ঠান (১) পাট মন্ত্রনালয়ের প্রশিক্ষণ কেন্দ্র, (২) টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (৩) যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র ও (৪) টেকনিক্যাল স্কুল ও কলেজ ভবনের অনুমোদন করা হয়েছে। সম্প্রতি স্থান নির্বাচন শেষে ভবন নির্মাণের কাজ শুরু করা হবে। উক্ত প্রতিষ্ঠানসমূহ নির্মাণের জন্য উপর্যুক্ত জমি প্রদানের অগ্রহী দানশীল ব্যক্তিদের আহবান জানান।<br>আলোচনায় অংশগ্রহণ করে জনাব করুনা সিন্ধু তালুকদার, চেয়ারম্যান ফেনারবাঁক ইউপি মাননীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি ফেনারবাঁক ইউনিয়নে একটি প্রতিষ্ঠান স্থাপনের উপযুক্ত মনে হলে নিজস্ব জমি দানের আগ্রহ প্রকাশ করেন। | জামালগঞ্জ উপজেলায় ৪টি নতুন প্রতিষ্ঠানের অনুমোদন কার্যক্রম বাস্তবায়ন করায় ইউপি চেয়ারম্যানগণ মাননীয় সংসদ সদস্য মহোদয়কে জামালগঞ্জ উপজেলার পক্ষে কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং প্রতিষ্ঠানসমূহ স্থাপনের আন্তরিক সহযোগিতা প্রদানের জন্য প্রতিশ্রুতি ব্যক্ত করেন। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার জামালগঞ্জ। |
| | (খ) চেয়ারম্যান, ফেনারবাঁক ইউপি সভায় বলেন, জামালগঞ্জ মান্নানঘাট রাস্তা নষ্ট হয়ে যাচ্ছে এবং কিছু কিছু জায়গা বিলিন হয়ে যাচ্ছে। লালবাজার পয়েন্ট হতে কারেন্টের বাজারের রাস্তাটিও ভেঙ্গে যাচ্ছে।<br>মাননীয় সংসদ সদস্য লাল বাজারের রাস্তাটি অনুমোদনের জন্য পরিকল্পনা মন্ত্রনালয়ে প্রক্রিয়াধীন আছে এবং জামালগঞ্জ সুনামগঞ্জ রাস্তাটি ওয়াইডেনিংসহ সিসি ব্লক ও প্যালাসাইটিং করা হবে হবে মর্মে সভাকে অবহিত করেন। | এবিষয়ে পরবর্তী কার্যক্রমে গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী (এলজিইডি), জামালগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), জামালগঞ্জ |
| | (গ) মহিলা ভাইস চেয়ারম্যান সভাকে জানান, নাথবাড়ি, জামালগঞ্জ হাসপাতাল ও বালিকা বিদ্যালয়ের পানি নিষ্কাশনের কোন ড্রেনেজ ব্যবস্থা না থাকার ফলে জলাবদ্ধতার জন্য দুর্ভোগ পোহাতে হয়। থানার জায়গা হিসেবে সীমানা সংক্রান্ত জটিলতার কারণে ড্রেনেজ কার্যক্রম বাস্তবায়ন হচ্ছেনা মর্মে জানান।<br>মাননীয় সংসদ সদস্য বলেন থানার সামনে জায়গায় ড্রেনেজ ব্যবস্থা গ্রহণে সমস্যা হওয়ার কথা না, থানার সামনের নদীর পাড়ের জায়গা হয়তো ভুল বশত থানার নামে রেকর্ড হয়েছে। জামালগঞ্জ থানা জলথানা ছিল। থানার নামে যদি রেকর্ড হয়ে থাকে তাহলে রেকর্ড সংশোধনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রস্তাব প্রেরণের মাধ্যমে ১নং খতিয়ানে আনার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে পরামর্শ প্রদান করেন। একই সাথে ড্রেনের জায়গা নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | মাননীয় সংসদ সদস্য মহোদয়ের পরামর্শ মতে থানার সামনের নদীর পাড়ের জায়গা ভুল বশত থানার নামে রেকর্ড হওয়ায় রেকর্ড সংশোধনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রস্তাব প্রেরণের মাধ্যমে ১নং খতিয়ানে আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার জামালগঞ্জ। |
| | (ঘ) চেয়ারম্যান, বেহেলী সভাকে জানান, তাঁর ইউনিয়ন অবহেলিত ইউনিয়ন। রহিমাপুর পয়েন্ট হতে গোপালপুর পর্যন্ত রাস্তাটির অবস্থা খুবই খারাপ। তাছাড়া বৌলাই নদী বেরীবাধের কারণে ভরাট হয়ে যাচ্ছে। হাওরের পানি কমে গেলে নদীতে নৌকার চলাচল বন্ধ হয়ে যাবে।<br>ভীমখালী চেয়ারম্যান বলেন, অচিরেই উজ্জলপুর রাস্তা নদী ভাঙ্গন কারণে ঝুঁকিতে আছে। রাস্তাটি ভেঙ্গে গেলে জনসাধারণের চলাচলসহ বর্ষা মৌসুমে বোরো ফসল রক্ষায় সমস্যা হবে মর্মে জানান। আলোচনায় অংশ গ্রহণ করে ইউপি সদস্যগণ জানান উপজেলার রামনগর, নূরপুর, বাবুপুর, সাচনা উত্তর কামলাবাজ, সোনাপুর, দক্ষিণ কামলাবাজ, সংবাদপুর, উজ্জলপুর ও বড় ঘাগটিয়াসহ ৯টি পয়েন্টে নদীর পাড় ভাঙ্গনের সৃষ্টি হয়েছে। বর্ণিত পয়েন্টগুলোতে জনবসতি/গুরুত্বপূর্ণ স্থাপনা রয়েছে। এছাড়াও রাজেন্দ্রপুর ও হঠামারায় মুজিববর্ষের গৃহ নির্মাণ বাস্তবায়ন করতে হলে এলাকায় ভিলেজ প্রটেকশন ওয়াল ছাড়া হাওরের ডেউয়ের ভাঙ্গন থেকে রক্ষা করা যাবে না। উক্ত পয়েন্টগুলোতে নদীর ভাঙ্গন/হাওরের ডেউয়ের কবল থেকে রক্ষা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় মাননীয় সংসদ সদস্য মহোদয়ের নির্দেশনা অনুযায়ী জনগুরুত্বপূর্ণ নদী/খাল খনন, উপজেলার রামনগর, নুরপুর, বাবুপুর, সাচনা উত্তর কামলাবাজ, সোনাপুর, দক্ষিণ কামলাবাজ, সংবাদপুর, উজ্জলপুর ও বড় ঘাগটিয়াসহ ৯টি পয়েন্টে এবং রাজেন্দ্রপুর ও হঠামারায় মুজিববর্ষের গৃহ নির্মাণ প্রকল্পসহ জনবহুল এলাকা/গুরুত্বপূর্ণ স্থাপনার রক্ষায় নদীভাঙ্গন স্থানগুলোতে মেজারমেন্ট করে প্রকল্পলনসহ নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, সুনামগঞ্জ বরাবরে প্রতিবেদন প্রেরণ করে মাননীয় সংসদসদস্যকে অনুলিপি প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার জামালগঞ্জ<br>ও<br>উপসহকারী প্রকৌশলী, বাপাউবো, জামালগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| | (ঙ) চেয়ারম্যান জামালগঞ্জ সদর ইউপি সভায় জানান, জামালগঞ্জ ফেরীঘাট থেকে দক্ষিণ কামলাবাজ হয়ে নয়াহালট পর্যন্ত রাস্তাটি ভাঙ্গা। কদমতলীর রাস্তাটিও নিচু। উক্ত রাস্তাটি ২/৩ ফুট উচু করতে হবে। তাছাড়া জামালগঞ্জ সদরে তেলিয়া লঞ্চ ঘাটটি বালু, ইট রাখার কারণে লঞ্চযাত্রীর উঠানামা করতে সমস্যা হচ্ছে। | এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জন্য উপজেলা প্রকৌশলী অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, জামালগঞ্জ |
| | (চ) উপজেলা চেয়ারম্যান, সভায় জানান, সাচনা -জামালগঞ্জ ফেরীঘাটটি খুবই ঝুকিপূর্ণ। এলাকাবাসী দাবী অনুযায়ী উক্ত ফেরীঘাটটি কোম্পানী রোড এ স্থানান্তর করা হলে জনসাধারণ নিরাপদে ফেরী পারাপারে সুবিধা হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা পরিষদের সাথে প্রয়োজনীয় পত্রযোগাযোগ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরোও বলেন, সাচনা বাজারটি একটি ঐতিহ্যবাহী বাজার। উক্ত বাজারে কোন পাবলিক টয়লেট নেই। এ বিষয়ে সকল সদস্যই একমত পোষণ করেন। শুধু সাচনা বাজার নয় জামালগঞ্জ উপজেলার সকল বাজারেই পাবলিক টয়লেট স্থাপনের জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), জামালগঞ্জ এর দৃষ্টি আকর্ষণ করেন। | এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সাচনা - জামালগঞ্জ ফেরীঘাটটি খুবই ঝুকিপূর্ন এলাকাবসী দাবী অনুযায়ী উক্ত ফেরীঘাটটি কোম্পানী রোড এ স্থানান্তর করার বিষয়ে জেলা পরিষদের সাথে প্রয়োজনীয় পত্রযোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং সাচনা বাজারসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বাজারে পাবলিক টয়লেট নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার জামালগঞ্জ ও উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), জামালগঞ্জ। |
| | (ছ) উপজেলা প্রকৌশলী (এলজিইডি), জামালগঞ্জ বলেন, ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি খাতের উন্নয়ন প্রকল্প তালিকা চুড়ান্ত করার লক্ষ্যে প্রকল্প দাখিলের জন্য জনপ্রতিনিধি ও বিভাগীয় প্রধানগণের দৃষ্টি আকর্ষণ করেন।<br>মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন যে, এডিপি খাতের সীমাবদ্ধ বরাদ্দ দ্বারা এলাকার চাহিদার অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প বাছাই করে দ্রুত বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। | এবিষয়ে সভায় আলোচনান্তে আগামী ১৫ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে সীমাবদ্ধ বরাদ্দ দ্বারা চাহিদার অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প তালিকা দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যান/বিভাগীয় প্রধানদের অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি ও ইউপি চেয়ারম্যান (সকল) জামালগঞ্জ |
| ৮. বিভাগ ভিত্তিক আলোচনা | | | |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা জানান যে, উপজেলা স্বাস্থ্য ও প. প. বিভাগের কার্যক্রম স্বাভাবিক আছে।<br>মাননীয় সংসদ সদস্য করোনার টিকাসহ অন্যান্য টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন। | বিভাগের কার্যক্রমের পাশাপাশি করোনার টিকাসহ অন্যান্য টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা, জামালগঞ্জ |
| উপজেলা প্রকৌশলী বিভাগ | (ক) উপজেলা নির্বাহী অফিসার বলেন, ভরতপুরের ব্রীজ না থাকায় জনসাধারণের চলাচলে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। প্রস্তাবিত ব্রীজটি জরুরি ভিত্তিতে নির্মাণ করা প্রয়োজন এর বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>এবিষয়ে মাননীয় সংসদ সদস্য মহোদয় এলজিইডির ইমার্জেন্সী ফান্ড হতে ব্রীজটি জরুরী ভিত্তিতে নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | বিস্তারিত আলোচনান্তে ভরতপুরের ব্রীজটি এলজিইডির ইমার্জেন্সী ফান্ড হতে জরুরী ভিত্তিতে মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, জামালগঞ্জ |
| | (খ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৫ম পর্যায়ের সক্ষমতা মূল্যায়নে জামালগঞ্জ উপজেলা মনোনীত হওয়ায় ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হবে। তন্মধ্যে ১০ (দশ) লক্ষ টাকা সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের জন্য অগ্রীম হিসাবে এবং অবশিষ্ট ৪০(চল্লিশ) লক্ষ টাকা অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প বাস্তবায়ন বিষয়ে উপজেলা স্থায়ী কমিটির সুপারিশ মোতাবেক উপজেলা ২১ অক্টোবর/২০২১ মাসের অনুষ্ঠিত উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটির সভায় (ক) সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রকল্প: (১) মৎস্য চাষ বিষয়ক মৌলিক প্রশিক্ষণ (২) বেকার যুবকদের মোবাইল সার্ভিসিং এন্ড রিপেয়ারিং বিষয়ক প্রশিক্ষণ (৩) উপজেলা পর্যায়ের কর্মচারীদের নিয়ে ওয়েব পোর্টাল বিষয়ক প্রশিক্ষণ (৪) স্থানীয় পর্যায়ে এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ (৫) বাল্য বিবাহ প্রতিরোধ আইন বিষয়ে কাজী, ইমাম নিকাহ রেজিস্ট্রার, পুরোহিত ও নির্বাচিত প্রতিনিধিদের প্রশিক্ষণ ও (৬) ই-মিউটেশন, অনলাইন ভূমি উন্নয়ন কর সংগ্রহ এবং ভূমি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ। (খ) অবকাঠামো উন্নয়নমূলক প্রকল্প: (১) উপজেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচু-নিচু বেঞ্চ সরবরাহ প্রকল্প (২) মার্কেট শেড নির্মাণ প্রকল্প ও (৩) উপজেলা বিভিন্ন হাটবাজার, নৌকাঘাট, জনগুরুত্বপূর্ণ স্থান ও গ্রামীণ সড়কে সোলার বাতি স্থাপন প্রকল্প বাস্তবায়নের চুড়ান্ত | সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের পরামর্শ অনুযায়ী ১০ (দশ) লক্ষ টাকা সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ খাতে: (১) মৎস্য চাষ বিষয়ক মৌলিক প্রশিক্ষণ (২) বেকারযুবদের মোবাইল সার্ভিসিং এন্ড রিপেয়ারিং বিষয়ক প্রশিক্ষণ (৩) উপজেলা পর্যায়ের কর্মচারীদের নিয়ে ওয়েব পোর্টাল বিষয়ক প্রশিক্ষণ (৪) স্থানীয় পর্যায়ে এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ (৫) বাল্য বিবাহ প্রতিরোধ আইন বিষয়ে কাজী, ইমাম নিকাহ রেজিস্ট্রার, পুরোহিত ও নির্বাচিত প্রতিনিধিদের প্রশিক্ষণ ও (৬) ই-মিউটেশন, অনলাইন ভূমি উন্নয়ন কর সংগ্রহ এবং ভূমি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ।<br>৪০ (চল্লিশ) লক্ষ টাকা অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প খাতে (১) উপজেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে | উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী (এলজিইডি) ও উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ), জামালগঞ্জ |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। সুপারিশকৃত প্রকল্পসমূহ বাস্তবায়নের বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন।<br>মাননীয় সংসদ সদস্য মহোদয়ের উপজেলা স্থায়ী কমিটির সিদ্ধান্ত মোতাবেক উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটির সভার সুপারিশকৃত উপস্থাপিত প্রকল্পসমূহ বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন। | উচু-নিচু বেঞ্চ সরবরাহ প্রকল্প (২) মার্কেট শেড নির্মাণ প্রকল্প ও (৩) উপজেলা বিভিন্ন হাটবাজার, নৌকাঘাট, জনগুরুত্বপূর্ণ স্থান ও গ্রামীণ সড়কে সোলার বাতি স্থাপন প্রকল্প বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। | কৃষি বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, জামালগঞ্জ |
| উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান তার বিভাগের কার্যক্রম ভালভাবেই চলছে। করোনা পরবর্তী বিদ্যালয়ে পাঠদান স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। আপাতত কোন সমস্যা নাই। | শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, জামালগঞ্জ |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। করোনা পরবর্তী বিদ্যালয়ে পাঠদান স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। আপাতত কোন সমস্যা নাই। | মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জামালগঞ্জ। |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। | মৎস্য বিভাগের কার্যক্রম স্বাভাবিক অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা জামালগঞ্জ, |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভালভাবেই চলছে। | সমবায় বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ করেন। | উপজেলা সমবায় কর্মকর্তা, জামালগঞ্জ |
| আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জামালগঞ্জ। |
| সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। | উপজেলা সমাজ বিভাগের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার অনুরোধ করা হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | মহিলা বিষয়ক অফিসের দাপ্তরি কার্যক্রম ভাল ভাবে চলিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জামালগঞ্জ |
| প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে যথাযথ ব্যবস্থা নেয়ার অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। | উপজেলা প্রাণী সম্পদ বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ,জামালগঞ্জ। |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প.প. কর্মকর্তা। জামালগঞ্জ। |
| যুব উন্নয়ন | সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। আপাতত কোন সমস্যা নাই। | বিভাগের কার্যক্রম স্বাভাবিক থারার অনুরোধ হয় । | উ: যুব উ: কর্মকর্তা জামালগঞ্জ। |
| বিআরডিবি বিভাগ | উপজেলা বিআরডিবি কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক আছে। | বিআরডিবি'র কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ করা হয়। | উপজেলা বিআরডিবি কর্মকর্তা, |
| জনস্বাস্থ্য প্রকৌশলী বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। | উপজেলা জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ করা হয়। | উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, জামালগঞ্জ। |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভালভাবেই চলছে। | খাদ্য-বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ করা হয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জামালগঞ্জ। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| স্যানিটারি ইন্সপেক্টর | উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | বাজার মনিটরিং জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | স্যানিটারি ইন্সপেক্টর |
| দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, তার কার্যক্রম ভালভাবেই চলছে। দাপ্তরিক কাজে আপাতত কোন সমস্যা নাই। | দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ করা হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, জামালগঞ্জ। |
| উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভালভাবেই চলছে। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সমন্বয় কারী, একটি বাড়ি একটি খামার, জমালগঞ্জ। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২৬/১০/২০২১

(মোঃ ইকবাল আল আজাদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
জামালগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং : ৪৬.৪৬.৯০৫০.০০০.১৪.০০১.২০-৫০(৩৫)

তারিখঃ ২৬/১০/২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। ইঞ্জিনিয়ার মোয়াজ্জেম হোসেন রতন, মাননীয় সংসদ সদস্য, ২২৪ সুনামগঞ্জ-১, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৬। জনাব মোঃ ইকবাল আল আজাদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৮-১৩। চেয়ারম্যান, ..........................................................ইউপি, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
১৪।..................................................................... কর্মকর্তা, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
১৫। অফিস কপি।

২৬/১০/২১

(বিশ্বজিত দেব)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
জামালগঞ্জ, সুনামগঞ্জ।

CS CamScanner

উপজেলা পরিষদের অক্টোবর-২০২৩ মাসের মাসিক সভার হাজিরা

সভাপতি: জনাব মোঃ ইকবাল হাসান আজাদ,

সভার তাং-২৬/১০/২০২৩.

জন প্রতিনিধিবৃন্দ

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | ইঞ্জিনিয়ার মোঃ মোস্তফা কামাল বেগ | মাননীয় সংসদ সদস্য ২২৪- সুনামগঞ্জ-১. | ২৬/১০/২৩ |
| ০২. | জনাব মোঃ ইকবাল হাসান আজাদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | |
| ০৩ | গোলাম জিলানী আফিন্দী | ভাইস চেয়ারম্যান | ২৬/১০/২৩ |
| ০৪ | বীনা রানী তালুকদার | ভাইস চেয়ারম্যান | |
| ০৫ | | | |
| ০৬. | মোঃ সাজ্জাদ আহমদ তালুকদার | চেয়ারম্যান, জামালগঞ্জ সদর | |
| ০৭ | মোঃ রজব আলী | চেয়ারম্যান [illegible] | ২৬/১০/২৩ |
| ০৮ | মোঃ আব্দুর রহমান | [illegible] | ২৬/১০/২৩ |
| ০৯ | আসীম তাহ | ভাঃ প্রাপ্ত চেয়ারম্যান সাচনা বাজার | ২৬/১০/২৩ |
| ১০ | [illegible] | চেয়ারম্যান ভীমখালী | |

কর্মকর্তাবৃন্দ

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব বিশ্বজিৎ দেব | উপজেলা নির্বাহী অফিসার | |
| ০২ | আলিদুজ্জামান সহকারী কমিশনার (ভূমি) | সহকারী কমিশনার (ভূমি) | |
| ৩ | প্রকৌশলী মোঃ আব্দুস সাত্তার | উপজেলা প্রকৌশলী | |
| ৪. | মোঃ আলাউদ্দিন | উপজেলা কৃষি অফিসার | |
| ৫। | S.I./মোঃ [illegible] ইসলাম [illegible] | [illegible] | |
| ৬। | মোঃ আরিফুর রহমান SAE, LGED | LGED | |
| ৭। | ডাঃ মোঃ আবুল কালাম | ULO | ২৬/১০/২৩ |
| ৮। | শিবেন্দ্র চন্দ্র পাল | UDBO | |
| ৯. | ফয়জুল আহমদ চৌধুরী | UAVDI | |
| ১০ | মোঃ সাহাব উদ্দিন | UCF | |
| ১১. | আবদুল জলিল [illegible] | AUYDO | |
| ১২। | মৃন্ময় বড়ুয়া | UFPO | |
| ১৩ | মোঃ সাকির সাবেরিয়ার | U.S.S.O. | |
| ১৪। | মোঃ ফরহাদ হোসেন | U.P.I.O | |
| ১৫. | মোঃ শরীফ উদ্দিন | UEO | ২৬/১০/২৩ |
| ১৬. | মোঃ মাহমুদ আলী | [illegible] | ২৬/১০/২৩ |
| ১৭. | রাম কুমার সাহা | SAE/DPHE | ২৬/১০/২৩ |
| ১৮. | মোঃ আবু তাহের | [illegible] | ২৬/১০/২৩ |
| ১৯ | লক্ষ্মী রানী-দাস | [illegible] অফিসার. | |